

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৮১

খোয়াই, ২৯ জুন, ২০২৪

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা

খোয়াই মহকুমায় মৎস্য চাষে সহায়তা

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় খোয়াই মহকুমায় ৪ হাজার ৬৬ জন মৎস্যজীবিকে মৎস্য চাষে সহায়তা দেওয়া হয়েছে। এই যোজনায় মহকুমার খোয়াই ব্লকে ১,৩৯২ জন, পদ্মবিল ব্লকে ৮০০ জন, তুলাশিখর ব্লকে ১,৪৮৯ জন ও খোয়াই পুর এলাকার ৩৮৫ জন মৎস্যজীবী উপকৃত হয়েছেন। সুবিধাভোগী মৎস্যজীবীদের ৫০০টি করে মিশ্র মাছের পোনা ও মৎস্যচাষের সহায়কসামগ্রী দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৩৩ লক্ষ ৩৪ হাজার ১২০ টাকা। খোয়াই মহকুমার মৎস্য কার্যালয়ের আধিকারিক মানিক দত্ত এই সংবাদ জানান।
